

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

স্মারকনং- ৫১.০১.৩৮৪৭.০০০.৪২.০৪৩.১৮. ১২৫

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রি.

বিষয়ঃ পবিত্র রমজান মাস ও ঈদ উল ফিতর উপলক্ষ্যে/বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দুঃস্থ/অতি দরিদ্র ব্যক্তি পরিবারকে
ভিজিএফ কর্মসূচির উপকারভোগীর তালিকা প্রেরণ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৫.১৮-২১০, তাং ১৪/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে পবিত্র রমজান মাস ও ঈদ
উল ফিতর উপলক্ষ্যে/বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দুঃস্থ/অতি দরিদ্র ব্যক্তি পরিবারকে ভিজিএফ খাদ্যশস্য
প্রদানের লক্ষ্যে অত্র উপজেলায় ২০,৯৫৯ টি উপকারভোগীর বিপরীতে কার্ড প্রতি ১৫ (পনের) কেজি হারে সর্বমোট ৩১৪.৩৮৫
মেঃটন চালের উপবরাদ্দ পাওয়া গেছে। উপবরাদ্দকৃত উপকারভোগীর সংখ্যা পরিপত্র ও পত্রের নির্দেশনা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক
নিম্নরূপে পুনঃ বিভাজন করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	উপকারভোগীর সংখ্যা (টি)
১.	ধলাহার	১৬৫৬
২.	দোগাছি	৩২১২
৩.	ভাদসা	৩৩৩৫
৪.	মোহাম্মদবাদ	১৭৪৬
৫.	পুরানাপৈল	২৩৯৫
৬.	আমদই	২১৪৯
৭.	বমু	২৫২৬
৮.	জামালপুর	২৩৯২
৯.	চকবরকত	১৫৪৮
মোট=		২০৯৫৯

- (১) ভিজিএফ বরাদ্দের বিষয়ে মাননীয় সংসদ সদস্যকে অবহিত করতে হবে।
- (২) ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবেঃ-
- (ক) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী বরাদ্দকৃত ভিজিএফ কার্ড ওয়ার্ড ভিত্তিক পুনঃবরাদ্দ প্রদান করতে হবে।
www.bbs.gov.bd ওয়েব সাইটে লগ ইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
- (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক
দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
- (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।
 ১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
 ২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
 ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ডিম্বাবৃত্তির উপর নির্ভরশীল।
 ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
 ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
 ৬. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
 ৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত, বিচ্ছিন্ন বা তালাক প্রাপ্তা মহিলা।
 ৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
 ৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
 ১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
 ১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
 ১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু বেলা খাবার পায়না।

- (ঘ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- (ঙ) কোন অবস্থাতেই যেন একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।
- (চ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলা অন্তর্ভুক্ত করতে হবে।
- (ছ) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির অন্তর্ভুক্ত কাউকে ভিজিএফ কর্মসূচির উপকারভোগী হিসেবে নির্বাচন করা যাবে না।
- (জ) আগামী ২৬/০৫/২০১৯ খ্রি. তারিখ ~~সকাল ১০ টায়~~ ^{২২.০০} টায় মানবিক সহায়তা কমিটির সভা উপজেলা হলরুমে অনুষ্ঠিত হবে।

উপরিউক্ত শর্তানুসারে সংযুক্ত ছক অনুযায়ী তালিকা প্রস্তুত করে ২ (দুই) প্রস্থ হার্ডকপি ও ১ টি সফট কপি আগামী ২১/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ ত্রাণ শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত-০১ পাতা।

চেয়ারম্যান
ধলাহার/দোগাছি/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল/আমদই/বম্বু/
জামালপুর/চকবকরত ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর,
জয়পুরহাট।

(মিস্টন চন্দ্র রায়)
উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
☎ ০৫৭১-৬২২৪১
AE ২৫/৫/১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থেঃ-

- ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, জয়পুরহাট।
- ২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, জয়পুরহাট।
- ৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর, জয়পুরহাট।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, সদর, জয়পুরহাট।
- ৫। ট্যাগ অফিসার. ইউনিয়ন ও উপজেলা. কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। মাননীয় সংসদ সদস্য-৩৪, জয়পুরহাট-১।
- ২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জয়পুরহাট
- ৫। অফিস কপি।

উপকারভোগীর তালিকা সংক্রান্ত ছকঃ

SL No	Full Name In (Bangla)	Full Name In (English)	Father/Husband Name	Area ওয়ার্ড নং	Date Of Birth	NID/Birth Certificate no
1	2	3	4	5	6	7
1.						
2.						